

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৭৯৮

৩৬/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৮. উত্তম চরিত্র সম্পর্কে

بَابٌ فِي حُسن الْخُلُق

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا يَعْقُوبُ يَعْنِي الْإِسْكَنْدَرَانِيَّ، عَنْ عَمْرٍو، عَنِ الْمُطَّلِبِ، عَنْ عَائِشَةَ رَحِمَهَا اللَّهُ، قَالَتْ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلِّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: إِنَّ الْمُؤْمِنَ لَيُدرِكُ بِحُسْنِ خُلُقِهِ دَرَجَةَ الصَّائِمِ الْقَائِمِ

صحيح

বাংলা

৪৭৯৮। আয়িশাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ নিশ্চয়ই মু'মিন ব্যক্তি তার ভালো চরিত্রের মাধ্যমে (দিনের) সওম পালনকারী ও (রাতের) তাহাজ্জুদ গুজারীর সমান মর্যাদা লাভ করতে পারে।[1]

সহীহ।

English

Narrated Aisha, Ummul Mu'minin:

The Messenger of Allah (ﷺ) said: By his good character a believer will attain the degree of one who prays during the night and fasts during the day.

ফুটনোট

[1]. আহমাদ।



হাদিসের শিক্ষা

- * এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:
- ১। সচ্চরিত্রের বিষয়টি মহান আল্লাহর প্রতি সঠিক ঈমানের সাথে ঘনিষ্টভাবে জড়িত। সুতরাং যে মুসলিম ব্যক্তির হৃদয়ে ঈমান যতো ভালো থাকবে, তার চরিত্র এবং আচরণ ততোই ভালো হবে। এবং যে মুসলিম ব্যক্তির হৃদয়ে ঈমান যতো খারাপ থাকবে, তার চরিত্র এবং আচরণ ততোই খারাপ হবে। কেননা মহান আল্লাহর প্রতি সঠিক ঈমানের সম্পর্ক চারিত্রিক বৈশিষ্ট্যগুলির সাথে বেশ মজবুতভাবে স্থাপিত করে রাখা হয়েছে।
- ২। সচ্চরিত্রের উপর সব সময় অবিচল থাকার প্রতি এই হাদীসটি উৎসাহ প্রদান করে।
- ৩। সঠিক ঈমান ও সৎকর্মের সাথে সাথে সচ্চরিত্রের বিষয়গুলি হলো মহান আল্লাহর নৈকট্য লাভের একটি মাধ্যম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন